# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৪৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩৭৭]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ছাদ, মিম্বার ও কাঠের উপর নামায পড়া

بَاب الصَّلَاةِ فِي السُّطُوحِ وَالْمِنْبَرِ وَالْخَشَبِ

আরবী

▯▯▯ سَهْلَ بْنَ سَعْدٍ رضي الله عنه و قد سُئِلَ مِنْ أَيِّ شَيْءٍ الْمِنْبَرُ فَقَالَ مَا بَقِيَ بِالنَّاسِ أَعْلَمُ مِنِّي هُوَ مِنْ أَثْلِ الْغَابَةِ عَمِلَهُ فُلَانٌ مَوْلَى فُلَانَةَ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَقَامَ عَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ حِينَ عُمِلَ وَوُضِعَ فَاسْتَقْبَلَ الْقِبْلَةَ كَبَّرَ وَقَامَ النَّاسُ خَلْفَهُ فَقَرَأَ وَرَكَعَ وَرَكَعَ النَّاسُ خَلْفَهُ ثُمَّ رَفَعَ رَأْسَهُ ثُمَّ رَجَعَ الْقَهْقَرَى فَسَجَدَ عَلَى الْأَرْضِ ثُمَّ عَادَ إِلَى الْمِنْبَرِ ثُمَّ رَكَعَ ثُمَّ رَفَعَ رَأْسَهُ ثُمَّ رَجَعَ الْقَهْقَرَى حَتَّى سَجَدَ بِالْأَرْضِ فَهَذَا شَأْنُهُ

বাংলা

২৪৫) সাহ্ল বিন সা’দ (রাঃ) হতে বর্ণিত, তাঁকে জিজ্ঞেস করা হল কোন্ জিনিষ দিয়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের মিম্বার নির্মাণ করা হয়েছিল? তিনি বললেনঃ লোকদের মধ্যে এ বিষয়ে আমার চেয়ে অধিক অবগত আর কেউ নেই। সেটি ছিল বনের ঝাউ গাছের কাঠ দ্বারা নির্মিত। অমুক মহিলার আযাদ করা দাস তা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের জন্য নির্মাণ করেছিল। নির্মাণ শেষে যখন তা স্বস্থানে রাখা হল তখন তিনি সেটির উপর কিবলামুখী হয়ে দাঁড়িয়ে তাকবীর দিলেন। লোকেরা তাঁর পিছনে দাঁড়াল। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মিম্বারের উপর দাঁড়িয়ে কিরাআত পাঠ করলেন এবং রুকূ করলে লোকেরাও রুকূ করল। রুকূ থেকে মাথা উঠিয়ে পিছনের দিকে সরে আসলেন এবং যমীনের উপর সেজদা করলেন। তারপর মিম্বারের উপর ফেরত গেলেন এবং রুকূ করলেন। রুকূ থেকে মাথা উঠিয়ে পিছনে ফেরত এসে যমীনে সেজদা করলেন। এ হল মিম্বারের ঘটনা।

টিকাঃ উপরোক্ত হাদীছে পারত পক্ষে যে কোন অবস্থায় যমীনে সিজদাহ করার উপর গুরুত্বারোপ করা হয়েছে।

## English

(It is permissible) to offer Salat (prayer) on roofs, a pulpit or wood

Narrated Abu Hazim:

Sahl bin Sa`d was asked about the (Prophet's) pulpit as to what thing it was made of? Sahl replied: "None remains alive amongst the people, who knows about it better than I. It was made of tamarisk (wood) of the forest. So and so, the slave of so and so prepared it for Allah's Messenger (ﷺ) . When it was constructed and place (in the Mosque), Allah's Messenger (ﷺ) stood on it facing the Qibla and said 'Allahu Akbar', and the people stood behind him (and led the people in prayer). He recited and bowed and the people bowed behind him. Then he raised his head and stepped back, got down and prostrated on the ground and then he again ascended the pulpit, recited, bowed, raised his head and stepped back, got down and prostrate on the ground. So, this is what I know about the pulpit." Ahmad bin Hanbal said, "As the Prophet (ﷺ) was at a higher level than the people, there is no harm according to the above-mentioned Hadith if the Imam is at a higher level than his followers during the prayers."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী ▯ বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89543

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন